

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
আদমদীঘি, বগুড়া।

স্মারক নং : ৫১.০১.১০০৬.০০০.৯৬.০০১.২১-৩০৬

তারিখঃ ১২/১২/২০২১ খ্রিঃ।

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী” (১ম পর্যায়) এর আওতায় উপকারভোগীর নামের তালিকা, **Wage Cost ও Non Wage Cost** এর প্রকল্প তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ঢাকার, স্মারক নং :- ৫১.০১.০০০০.০১৯.৯৬.০০৭.২১-৮৮, তারিখঃ ১২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অবহিত করা যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে “অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান” (১ম পর্যায়) কর্মসূচীর এর আওতায় অত্র উপজেলায় বরাদ্দপ্রাপ্ত ৫৯৯ জন উপকারভোগী নিম্নলিখিতভাবে ইউনিয়ন ওয়ারী বিভাজন করা হলো। পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্ন বর্ণিত শর্তাবলী অনুসরণ পূর্বক শ্রমিক তালিকা, ওয়েজ ও নন-ওয়েজ খাতের প্রকল্প তালিকা এবং শ্রমিক সর্দারের নামসহ প্রকল্প বাস্তবায়ন কমিটি, রেজুলেশন প্রস্তুত পূর্বক উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	শ্রমিক সংখ্যা	শ্রম মজুরি টাকার পরিমাণ
০১	ছাতিয়ানগ্রাম	১০৭ জন	১৭,১২০০০.০০
০২	নশরতপুর	৯৭ জন	১৫,৫২,০০০.০০
০৩	আদমদীঘি	১০৭ জন	১৭,১২০০০.০০
০৪	কুন্দগ্রাম	১০১ জন	১৬,১৬,০০০.০০
০৫	চাঁপাপুর	১০৩ জন	১৬,৪৮০০০.০০
০৬	সান্তাহার	৮৪ জন	১৩,৪৪,০০০.০০
সর্বমোট =		৫৯৯ জন	৯৫,৮৪,০০০.০০

শর্তাবলী :

০১। প্রতি ইউনিয়নে সর্বমোট ৩টি দৃশ্যমান **Wage Cost** প্রকল্প (পুরাতন ওয়ার্ড বিবেচনায়) নির্ধারিত ছক মোতাবেক গ্রহণ করা যাবে। **Wage Cost** মজুরী দ্বারা প্রকল্প গ্রহণের ক্ষেত্রে খাল খনন/ পুণঃখনন, রাস্তা কাম বাঁধ নির্মাণ/ পুণঃনির্মাণ, জলাবদ্ধতা দূরিকরণের জন্য নালা ও সেচনালা খনন/ পুণঃখনন, দুঃস্থ / অসহায় পরিবারের বসত ভিটা উঁচু করণ, বিভিন্ন শিক্ষা, সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের প্রাঙ্গণে মাটি ভরাট, মজা পুকুর/ মৎস্য খামারের পুকুর খনন, আবর্জনা স্তুপ/ জৈব সার তৈরীর জন্য স্তুপ তৈরীকরণ, হেলিপ্যাড/বাজারের আঙ্গিনা/প্রাণিসম্পদের বাজার উন্নয়ন, গ্রামীণ রাস্তা মেরামত/সংস্কার, বৃষ্টির পানি সংরক্ষণের জন্য রিজার্ভার নির্মাণ, ২০ একরের নিচে খাস পুকুর পুণঃখনন ইত্যাদি প্রকল্প গ্রহণ করা যাবে।

০২। দুঃস্থ/ অসহায় পরিবারের বসত ভিটা উঁচু করণের ক্ষেত্রে যে পরিবারে কর্মক্ষম ব্যক্তি নেই, পরিবারের প্রধান প্রতিবন্ধি/মহিলা/ঘাটোর্ধ বয়সী, নিজস্ব অর্থায়নে বসতভিটা উঁচু করণের সামর্থ্য নেই এমন বিবেচনায় প্রকল্প গ্রহণ করতে হবে।


০৩। **Wage Cost** প্রকল্পের মধ্যে আবশ্যিকভাবে **Non Wage Cost** প্রকল্প গ্রহণ করতে হবে। **Non Wage** প্রকল্পের ক্ষেত্রে প্যালাসাইডিং নির্মাণ, আরসিসি/ ইন্টের গাইড ওয়াল, ইউ ড্রেন, বন্ধ কালভার্ট, সারফেজ ড্রেন, পাকা পায়খানা নির্মাণের প্রকল্প গ্রহণ করা যাবে। যে প্রকল্পে **Wage Cost** ব্যয় হবে, শুধুমাত্র সেই প্রকল্পেই **Non Wage Cost** প্রকল্প গ্রহণ করা যাবে। পাকা রাস্তা বা এইচবিবি রাস্তায় **Wage / Non Wage** প্রকল্প গ্রহণ করা যাবে না।

০৪। উপকারভোগীর মজুরি **G2P** পদ্ধতিতে পরিশোধ করা হবে। **G2P** পদ্ধতিতে মজুরি পরিশোধের লক্ষ্যে প্রত্যেক উপকারভোগীর নিজেস্ব মোবাইল নম্বরটি জাতীয় পরিচয়পত্রের সাথে সম্পৃক্ত থাকতে হবে।

০৫। আগামী ০১/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্পের কাজ শুরু লক্ষ্যে **Wage Cost** এবং **Non Wage Cost** উভয় খাতের প্রকল্প তালিকা, শ্রমিক তালিকা, সর্দারের নাম ও প্রকল্প বাস্তবায়ন কমিটি রেজুলেশনের অনুলিপি সহ (এক তৃতীয়াংশ মহিলা সদস্য অন্তর্ভুক্ত) হার্ড কপি ও সফট কপি আগামী ২৭/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক : চেয়ারম্যান/সচিব

.....(সকল) ইউনিয়ন পরিষদ
আদমদীঘি, বগুড়া।


(শ্রীমতী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
আদমদীঘি, বগুড়া।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।

০২। উপজেলা..... কর্মকর্তা ও ট্যাগ অফিসার.....ইউপি, আদমদীঘি, বগুড়া।

০৩। অফিস নথি।